

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ০০৩

তারিখঃ ০৯ জুলাই, ২০২৫ খ্রি.

বিষয়ঃ ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধির ক্ষেত্রে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে

সূত্রঃ স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.০১২ তারিখঃ ০৪/০১/২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় সুফলভোগীদের চাহিদার ভিত্তিতে ৩০,০০০ টাকা থেকে ১,০০,০০০ টাকা পর্যন্ত ক্ষুদ্র ঋণ বিতরণের সংস্থান রয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে পরিশোধ করলে পরবর্তী দফায় ৩০% হারে ঋণের সিলিং বৃদ্ধির সুযোগ রয়েছে। ঋণ কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণঃ কিস্তিতে ঋণ আদায় উৎসাহিতকরণ এবং সর্বোপরি ঋণ কার্যক্রমে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকের পত্রে পূর্ববর্তী দফায় গৃহীত ক্ষুদ্র ঋণ ৫০% কিস্তিতে পরিশোধিত হলেই কেবলমাত্র নীতিমালা অনুযায়ী পরবর্তী দফায় ঋণের সিলিং বৃদ্ধির নির্দেশনা প্রদান করা হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক উপজেলায় প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে উদ্দেশ্যমূলকভাবে নিয়মবহির্ভূতভাবে ঋণের সিলিং বৃদ্ধি করা হচ্ছে, ফলে আশঙ্কাজনকভাবে ঋণ খেলাপী বৃদ্ধি পাচ্ছে এবং আত্মসাৎ/হস্তমজুদের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটছে, যার ফলে দারিদ্র দূরীকরণের লক্ষ্যে গৃহীত সরকারের এ মহৎ উদ্যোগ বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। উল্লেখ্য, ঋণ পরিশোধের সর্বশেষ মাসে আদায়কৃত অর্থ কিস্তিতে আদায় হিসেবে গণ্য করে ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না।

এমতাবস্থায়, পূর্ববর্তী দফায় গৃহীত ক্ষুদ্র ঋণ কমপক্ষে ৫০% কিস্তিতে পরিশোধ না করলে পরবর্তী দফায় ঋণের সিলিং বৃদ্ধি না করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে ঋণের সিলিং অনিয়মতান্ত্রিকভাবে বৃদ্ধি করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা.....

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি,..... জেলা;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৭. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা:, জেলা:
৮. অফিস নথি।